# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 16.04.24** **Time: 07.50 P.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) উত্তরবঙ্গে প্রথম ও দ্বিতীয় দফার লোকসভা নির্বাচনের প্রচার এখন তুঙ্গে।
বালুরঘাট ও রায়গঞ্জে আজ জনসভা করেন নরেন্দ্র মোদী। ময়নাগুড়িতে জনসভা এবং শিলিগুড়িতে রোডশো করেন মমতা ব্যানার্জী।
অধীর রঞ্জন চৌধুরী এবং মহম্মদ সেলিমও দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচার করেছেন।

২) মুর্শিদাবাদ রেঞ্জের নতুন ডিআইজি হয়েছেন আই পি এস অফিসার সৈয়দ ওয়াকার রাজা।

৩) ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রে বিজেপি প্রার্থী হয়েছেন, অভিজিত দাস – ওরফে ববি।

৪) আগামীকাল রামনবমী। এই উৎসব উদযাপন নির্বিঘ্ন রাখতে বাড়তি সতর্কতা অবলম্বন করছে নির্বাচন কমিশন এবং রাজ্য প্রশাসন।

৫) প্রাথমিকে অবৈধভাবে চাকরি পাইয়ে দেওয়ার নাম করে জেলবন্দি অভিযুক্তরা বিপুল টাকা তুলেছিলেন বলে সিবিআই হাইকোর্টে পেশ করা রিপোর্টে জানিয়েছে।

৬) গ্রীষ্মের শুরুতেই দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা তাপপ্রবাহের কবলে।

৭) ইডেনে আই পি এল-এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স ও রাজস্থান রয়্যালস্ মুখোমুখি হয়েছে।

oooooooooooooooooooo

উত্তরবঙ্গে প্রথম ও দ্বিতীয় দফার লোকসভা নির্বাচনের প্রচার এখন তুঙ্গে। প্রথম দফায় ভোট নেওয়া হবে আগামী শুক্রবার ১৯-শে এপ্রিল কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার আসনে। এই দফায় প্রচার শেষ হচ্ছে আগামীকাল। দ্বিতীয় দফায় ২৬-শে এপ্রিল ভোট নেওয়া হবে দার্জিলিং, রায়গঞ্জ, বালুরঘাট কেন্দ্রে।

প্রবীণ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বালুরঘাটের দলীয় প্রার্থী সুকান্ত মজুমদার ও রায়গঞ্জের প্রার্থী কার্তিক চন্দ্র পালের সমর্থনে জনসভা করেন।

বালুরঘাটের সভায়, আদিবাসীদের উন্নয়নে তাঁর সরকারের বিভিন্ন উদ্যোগের খতিয়ান তুলে ধরে তৃণমূল কংগ্রেসকে সরাসরি আদিবাসী বিরোধী আখ্যা দেন তিনি।

(বাইট – বালুরঘাট -মোদী)

বালুরঘাট থেকে প্রধানমন্ত্রী যান রায়গঞ্জে। সেখানেও রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে সরব হন তিনি।

(বাইট –রায়গঞ্জ- মোদী)

অন্যদিকে, জলপাইগুড়ির ময়নাগুড়িতে তৃণমূল কংগ্রেস প্রার্থী নির্মল চন্দ্র রায়ের সমর্থনে আজ জনসভা করেন, দলের প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী । বিজেপির বিরুদ্ধে আক্রমণ শানিয়ে তিনি বলেন, দেশকে বিক্রি করে দিচ্ছে এই দল।

(বাইট – মমতা)

ময়নাগুড়ির জনসভা সেরে মুখ্যমন্ত্রী, শিলিগুড়িতে দার্জিলিং-এর তৃণমূল কংগ্রেস প্রার্থী গোপাল লামার সমর্থনে রোডশো-এ অংশ নেন।

অন্যদিকে, কোচবিহারের গোপালপুরে তৃণমূল কংগ্রেস প্রার্থী জগদীশ চন্দ্র বর্মা বসুনিয়ার সমর্থনে এক জনসভায় দলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী বলেন, বাংলার কৃষ্টি, সংস্কৃতি বিজেপি বোঝে না। রাজ্যকে সব দিক থেকে বঞ্চিত করা হচ্ছে।

(বাইট – অভিষেক)

০০০০০০০০০০০০০০০০০

বিরোধী জোট ভেঙে মমতা ব্যানার্জী প্রমাণ করে দিয়েছেন, তিনি নরেন্দ্র মোদী কাছের লোক। আজ উত্তর দিনাজপুরের গোয়ালপোখরে রায়গঞ্জের দলীয় প্রার্থী আলি ইমরান রামসের সমর্থনে এক জনসভায় এই মন্তব্য করেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরী।

(বাইট – অধীর)

এদিকে, জলপাইগুড়ি কেন্দ্রের কংগ্রেস সমর্থিত সি পি আই এম প্রার্থী দেবরাজ বর্মনকে নিয়ে আজ প্রচার করেন দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। জলপাইগুড়ি শহরের নেতাজী পাড়া থেকে মিছিল করে বিভিন্ন পথ পরিক্রমার পর জনসভাও করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০

অভিষেক ব্যানার্জী ও রাহুল গান্ধীর হেলিকপ্টারে আয়কর তল্লাশি নিয়ে রাজনৈতিক চাপানউতোরের মধ্যেই এবার কোচবিহারের বিজেপি প্রার্থী নিশীথ প্রামাণিকের গাড়িতে তল্লাশি চালালো নির্বাচন কমিশন ও পুলিশ। আজ দেওয়ান হাটে নাকা চেকিং-এর সময় কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর গাড়ি আটকান কমিশনের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকরা এবং পুলিশ। এই নিয়ে তাদের সঙ্গে শ্রী প্রামাণিক ও তাঁর নিরাপত্তারক্ষীদের বচসা বাধে। তবে, গাড়িতে তল্লাশি চালিয়ে কিছু মেলেনি।

০০০০০০০০০০০০০০০০০

ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রে বিজেপি প্রার্থী করেছে অভিজিত দাস ওরফে ববি-কে । দলের তরফে আজ দ্বাদশ প্রার্থী তালিকা প্রকাশ করা হয়।

এর আগে ২০০৯ এবং ১৪-য় ডায়মন্ড হারবারে বিজেপির হয়ে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন অভিজিৎ। দুবারই পরাজিত হন ।

০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেসের মালদা উত্তর কেন্দ্রের প্রার্থী প্রসূন ব্যানার্জী ও মালদা দক্ষিণ কেন্দ্রের প্রার্থী শাহনাওয়াজ আলি রায়হান আজ মনোনয়ন পেশ করেছেন। মালদার টাউন হল চত্ত্বর থেকে দলীয় কর্মী সমর্থকরা রায়হানকে নিয়ে মিছিল করে প্রশাসনিক ভবনে যান।

পুরাতন মালদার সাহাপুর থেকে রোডশো করে প্রশাসনিক ভবনে যান প্রাক্তন আই পি এস প্রসূন ব্যানার্জী। তাঁর সঙ্গে ছিলেন দলের জেলা সভাপতি আব্দুর রহিম বক্সি, জেলা চেয়ারম্যান সমর মুখার্জী, মন্ত্রী সাবিনা ইয়াসমিন প্রমুখ।

অন্যদিকে, মালদা উত্তর লোকসভা কেন্দ্রের কুড়মি সমাজের প্রার্থী স্বপন মাহাতো আজ মনোনয়নপত্র জমা দিয়েছেন। পরে সাংবাদিকদের কাছে তিনি অভিযোগ করেন, বিভিন্ন রাজনৈতিক দল কুড়মি সমাজের মানুষকে ব্যবহার করেছে, কিন্তু তাদের উন্নয়নের জন্য কিছুই করেনি।

০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদ রেঞ্জের নতুন ডিআইজি হলেন ২০০৭-এর ব্যাচের আইপিএস আধিকারিক সৈয়দ ওয়াকার রাজা। কলকাতা পুলিশের যুগ্ম কমিশনার ক্রাইম পদে ছিলেন তিনি। গতকালই মুর্শিদাবাদের ডিআইজি পদে থাকা আইপিএস অফিসার মুকেশকে সরিয়ে দিয়েছিল নির্বাচন কমিশন। এরপর কমিশনের নির্দেশ মতো রাজ্যের তরফে ৩ আই পি এস আধিকারিকের নাম পাঠানো হয়। তাদের মধ্য থেকেই ওয়াকার রাজা হলেন ডিআইজি মুর্শিদাবাদ। তাঁকে আই জি পি - আই বি পদে নিয়োগ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০

নদীয়া জেলার ভোটারদের নির্বাচনী প্রক্রিয়া সম্পর্কে অবহিত ও সচেতন করতে বিশেষ উদ্যোগ নিয়েছে জেলা নির্বাচন দফতর। নদীয়া নটআউট নামে একটি ভিডিও এবং SVEEP কুইজ অ্যাপের আজ সূচনা করেন জেলা শাসক এস অরুণ প্রসাদ। ডিজিটালি দক্ষ তরুণ প্রজন্মকে ভোটদানে আগ্রহী করে তোলাই এর লক্ষ্য।

(সাউন্ড বাইট)

ooooooooooooooooo

আগামীকাল রামনবমী। রাজ্য সরকার এই দিনটিতে ছুটি ঘোষণা করেছে। রামনবমীর উৎসব পালনকে কেন্দ্র করে কোথাও যাতে কোন অশান্তি না হয়, সেজন্য রাজ্য প্রশাসনের তরফে কলকাতা ও রাজ্য পুলিশকে সতর্ক থাকতে বলা হয়েছে। সংবেদনশীল সব এলাকা ও ধর্মী স্থানের সিসি ক্যামেরার ফুটেজ সংগ্রহ করে রাখার পাশাপাশি নজরদারির জন্য অতিরিক্ত পুলিশ মোতায়েন করতে থানাগুলিকে নির্দেশ দিয়েছে কলকাতা পুলিশ। প্রশাসনের আগাম অনুমতি ছাড়া রাস্তায় যাতে কোন মিছিল না বেরোয়, সে ব্যাপারেও সতর্ক থাকতে বলা হয়েছে। যেকোনরকম অপ্রীতিকর ঘটনা ঘটলে দ্রুত ব্যবস্থা নিতে বলা হয়েছে রাজ্যপুলিশকে।

উল্লেখ্য, কলকাতা হাইকোর্ট শর্ত সাপেক্ষে রামনবমীর মিছিলের অনুমতি দিয়েছে দুটি সংগঠনকে।

oooooooooooooooooo

রামনবমী উদযাপনকে সামনে রেখে নির্বাচন কমিশন এবার অতিরিক্ত সতর্কতামূলক পদক্ষেপ নিতে চলেছে। অতীতে রামনবমী পালনকে কেন্দ্র করে অশান্তির নজিরের নিরিখে কমিশন রাজ্যের বিভিন্ন জায়গাকে অতি স্পর্শকাতর এলাকা হিসেবে চিহ্নিত করেছে ।

এই স্পর্শকাতর এলাকাগুলিতে পর্যাপ্ত পুলিশ ও আধাসেনা মোতায়েন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। হাওড়া, উলুবেড়িয়া, পাঁচলা, হুগলি, চন্দননগর, শ্রীরামপুরে অতিরিক্ত বাহিনী মোতায়েন করা হবে। প্রয়োজনে প্রতি যায়গায় এক কোম্পানি পর্যন্ত বাহিনী মোতায়েন করা হবে বলে কমিশন সূত্রে জানা গেছে ।

oooooooooooooooooo

প্রাথমিকে অবৈধভাবে চাকরি পাইয়ে দেওয়ার নাম করে কর্ম প্র্রার্থীদের কাছ থেকে বিপুল টাকা তুলেছিলেন জেলবন্দি অভিযুক্তরা। আজ প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতা হাইকোর্টের বিচারপতি রাজাশেখর মান্থার এজলাসে যে রিপোর্ট দেয় সিবিআই, তাতে এ কথা জানানো হয়েছে।

গত মঙ্গলবার বিচারপতি মান্থা বলেছিলেন, ২০১৪-র টেটের উত্তরপত্রের ডিজিটাল স্ক্যান প্রতিলিপি জমা দিতে হবে সিবিআইকে। তা না হলে পুরো নিয়োগ প্রক্রিয়া বাতিল করে দেওয়া হবে। সিবিআইয়ের কাছে এই নিয়োগ দুর্নীতির তদন্তের অগ্রগতি নিয়ে রিপোর্ট তলব করেছিলেন তিনি। আজ সেই রিপোর্ট জমা দেয় সিবিআই।

oooooooooooooooooo

গ্রীষ্মের শুরুতেই গরমের দাপটে দক্ষিণবঙ্গের স্বাভাবিক জনজীবন ব্যাহত । পশ্চিম থেকে উত্তর-পশ্চিম দিকে বয়ে যাওয়া শুষ্ক গরম বাতাসের প্রভাবে লাফিয়ে লাফিয়ে বাড়ছে তাপমাত্রা। আবহাওয়া দফতর আজ দুই বর্ধমান, পশ্চিম মেদিনীপুর ও বাঁকুড়ায় তাপপ্রবাহের মতো পরিস্থিতির সতর্কতা জারি করে। আগামীকাল এই সতর্কতা রয়েছে দুই বর্ধমান, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া, দুই মেদিনীপুর, বীরভূম ও মুর্শিদাবাদ জেলায়। বৃহস্পতি থেকে শনিবার পর্যন্ত এই জেলাগুলির সঙ্গে দুই ২৪ পরগনাতেও তাপপ্রবাহের সম্ভাবনা। বাকি জেলাগুলিতে থাকবে অস্বস্তিকর গরম। বাঁকুড়ায় আজ তাপমাত্রা পৌঁছে যায় ৪১ দশমিক চার ডিগ্রী সেলসিয়াসে। পশ্চিম মেদিনীপুরে আজ তাপমাত্রার পারদ ৪৩ ডিগ্রী ছাড়িয়ে যায়।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের চার ডিগ্রী ওপরে, ৩৯ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস। সকালে সর্বনিম্ন তাপমাত্রাও ছিল স্বাভাবিকের চেয়ে তিন ডিগ্রী বেশি, ২৮ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস।

রাজ্যের একাধিক জেলায় তাপপ্রবাহের পূর্বাভাষের প্রেক্ষিতে রাজ্য সরকার আগাম সতর্কতামূলক ব্যবস্থা নিচ্ছে। জল সংকট মোকাবিলা সহ বিভিন্ন ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে  মুখ্য সচিব ভগবতী প্রসাদ গোপালিকা আজ নবান্নে সব জেলাশাসক ও জনস্বাস্থ্য কারিগরী দফতরের আধিকারিকদের সঙ্গে ভার্চুয়ালী বৈঠক করেন।

oooooooooooooooo

ইডেন গার্ডেনসে আজ কলকাতা নাইট রাইডার্স আইপিএলে  ম্যাচে রাজস্থান রয়্যালসের  মুখোমুখি হয়েছে।

একটু আগে পাওয়া খবরে জানা গেছে ৬ ওভারে এক উইকেটে ৫৬ রান করেছে কে কে আর।

নাইট রাইডার্সের ম্যাচকে ঘিরে দর্শকদের মধ্যে ব্যাপক উদ্দীপনা দেখা যাচ্ছে। দুপুর থেকেই ইডেনের আশপাশে ক্রিকেট প্রেমীদের ভিড় ছিল। এই  মুহূর্তে ইডেনের গ্যালারি প্রায় ভরে উঠেছে।

রাজস্থান ৬ টি ম্যাচের মধ্যে ৫ টিতে জিতে ১০ পয়েন্ট নিয়ে বর্তমানে লিগ তালিকার শীর্ষে রয়েছে। অন্যদিকে, কলকাতা ৫ ম্যাচে ৪ টিতে জিতে ৮ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে। রবিবার কলকাতা , লখনউ সুপার জায়ান্টসকে ৮ উইকেটে হারিয়ে দেয়। অন্যদিকে, রাজস্থান তাদের শেষ ম্যাচে পাঞ্জাব কিংসকে ৩ উইকেটে হারিয়েছিলো।

ooooooooooooooooo

oooooooooooooooo

ooooooooooooooooo